

বর্ডার গার্ড বাংলাদেশ
প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় শোক দিবস উপলক্ষে বিজিবি'র কর্মসূচী পালন

ঢাকা : ১৫ আগস্ট ২০১৯

জাতীয় শোক দিবস ও স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৪তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) বিস্তারিত কর্মসূচী পালন করেছে। দিবসের কর্মসূচী অনুযায়ী বিজিবি সদর দপ্তরসহ সকল রিজিয়ন, প্রতিষ্ঠান, সেক্টর ও ইউনিটসমূহের মসজিদে খতমে কোরআন এবং সকল সদস্যের উপস্থিতিতে যোহরের নামাজের পর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ নিহত পরিবারবর্গের আত্মার মাগফিরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। জাতীয় শোক দিবস উপলক্ষে বিজিবির সকল স্থাপনায় জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয়। সকালে রাজধানীতে আয়োজিত স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের শোক জ্বালীতে বিজিবি'র কর্মকর্তা ও অন্যান্য পদবীর সদস্যগণ অংশগ্রহণ করেন। এছাড়া বিজিবি সদর দপ্তরসহ সকল রিজিয়ন, প্রতিষ্ঠান, সেক্টর ও ইউনিটসমূহে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনীর উপর আলোচনা সভা ও প্রামাণ্য চিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়।

সকাল ১০৩০ ঘটিকায় পিলখানাস্থ বিজিবি সদর দপ্তরের বীর উত্তম ফজলুর রহমান খন্দকার মিলনায়তনে আলোচনা সভা ও প্রামাণ্য চিত্র প্রদর্শন করা হয়। আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম, এনডিসি, পিএসসি (Major General Md Shafeenul Islam, BGBM, ndc, psc)। বিজিবি মহাপরিচালক তাঁর বক্তব্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শ ও উপদেশ অনুসরণের জন্য উপস্থিত সকলের প্রতি আহবান জানান। এছাড়া জাতির পিতার স্বপ্নের সোনার বাংলাদেশ গড়তে এবং তাঁর অসমাপ্ত কাজসমূহ সম্পন্নের লক্ষ্যে বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার গৃহীত সকল পদক্ষেপের সার্বিক সফলতা কামনা করেন। অনুষ্ঠানে বঙ্গবন্ধুর কর্মময় জীবনের উপর বিস্তারিত আলোচনা করেন বিজিবি সদর দপ্তরের অতিরিক্ত মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল এএফএম জাহাঙ্গীর আলম, এনডিসি, পিএসসি। এছাড়া মূল আলোচক হিসেবে বক্তব্য রাখেন লে: কর্নেল মোঃ আমিনুল হক, পিপিএম (সেবা), নায়েব সুবেদার মাহাবুবুল হক চৌধুরী ও সিপাহী ফাহিমা খাতুন। আলোচকগণ বঙ্গবন্ধুর শৈশবকাল থেকে শুরু করে তাঁর সংগ্রামী রাজনৈতিক জীবনের বিভিন্ন দিক তুলে ধরেন। অনুষ্ঠানে পিলখানায় কর্মরত বিজিবির সকল পর্যায়ের কর্মকর্তা, সৈনিক ও অসামরিক কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বঙ্গবন্ধুর জীবনীর উপর নির্মিত প্রামাণ্যচিত্র 'অসমাপ্ত মহাকাব্য' এবং বাংলাদেশ মিলিটারী একাডেমীর ১ম ব্যাচের পাসিং আউট প্যারেড অনুষ্ঠানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক প্রদত্ত ভাষণ প্রদর্শন করা হয়।